লেন্স এশিয়া

১৫ সেপ্টেম্বর, ২০২৬

# মোহাম্মদপুরে আওয়ামী লীগের সাবেক এমপি আজিজুল হক আটক



সাবেক এমপি আজিজুল হক। ছবি: সংগৃহীত

রাজধানীর মোহাম্মদপুরের লালমাটিয়া এলাকা থেকে পাবনা-২ আসনের সাবেক সংসদ সদস্য খন্দকার মো. আজিজুল হক আরজুকে (৬৯) আটক করেছে পুলিশ।

সোমবার (১৪ সেপ্টেম্বর) রাত সাড়ে ১০টার দিকে লালমাটিয়ার মীনা বাজারের সামনে স্থানীয় ছাত্রদল নেতাদের সহায়তায় তাকে আটক করা হয় বলে জানিয়েছেন তেজগাঁও বিভাগের অতিরিক্ত উপকমিশনার জুয়েল রানা।

মঙ্গলবার সকালে দেওয়া পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আজিজুল হক আরজু ২০১৪ সালের নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে পাবনা-২ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন।

পুলিশের ইনসিডেন্ট রিপোর্ট অনুযায়ী, আটকের সময় ধস্তাধস্তিতে তিনি সামান্য আহত হন। হৃদ্‌রোগে আক্রান্ত হওয়ায় পুলিশি প্রহরায় পরিবারের সদস্যদের সঙ্গে তাকে চিকিৎসকের কাছে পাঠানো হয়েছে।

পাবনা জেলার আমিনপুর থানার নাটিয়াবাড়ী গ্রামের বাসিন্দা আজিজুল হক আরজু। পুলিশ জানিয়েছে, ঘটনাটি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

LENS ASIA